

স্মারক নং নং ৩৩.০১.৬৮০৭.০০০.১০১.১১.৮৪৫.২৪-৫৪৫

তারিখ ১৮/১১/২০২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতার, বেলাবো, নরসিংদী এর আওতাধীন বেলাবো ও উজিলাব ইউনিয়নের একটি টেকনিশিয়ান পদটি শূন্য থাকায় নিয়োগের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে বেলাবো উপজেলার বেলাবো ও উজিলাব ইউনিয়নের স্থায়ী নাগরিকগণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। আগ্রহী প্রার্থীগণকে আগামী ০৫-১২-২০২৪ খ্রিস্টাব্দ তারিখের রোজ বৃহস্পতি বার বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে সাদা কাগজে নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার বিবরণ, জন্ম তারিখ, মোবাইল নাম্বার ও এনআইডি নাম্বার উল্লেখপূর্বক পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা বরাবর আবেদন পত্র সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ অফিসে জমা দিতে হবে।

নিয়োগের শর্তাবলী:

০১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে।
 ০২. এস.এস.সি বা সমমান পরীক্ষায় পাশ হতে হবে। (বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার)
 ০৩. বয়স অনূর্ধ্ব ৪০ বছর হতে হবে।
 ০৪. প্রার্থীকে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
 ০৫. কৃত্রিম প্রজনন কাজে আগ্রহী ও পরিশ্রমী বেকার যুবক হতে হবে।
 ০৬. পূর্ব অভিজ্ঞতা, প্রশিক্ষণ প্রাপ্ত ও উচ্চতর শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
 ০৭. প্রকল্পের শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হবে।
- আবেদন পত্রের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে:
০১. শিক্ষাগত যোগ্যতা সনদের সত্যায়িত কপি।
 ০২. নাগরিকত্ব সনদ।
 ০৩. ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
 ০৪. অন্যান্য যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।
 ০৫. বয়স প্রমানের জন্য এস.এস.সি এর সার্টিফিকেটই গ্রহণযোগ্য।

স্বাক্ষর:

(ডা: জুনায়েদ ইবনে হামিদ নাদিম)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
বেলাবো, নরসিংদী

তারিখ ১৮-১১-২০২৪

স্মারক নং নং ৩৩.০১.৬৮০৭.০০০.১০১.১১.৮৪৫.২৪-৫৪৫ (৪)

সদয় প্রবেশিত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

০১. জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নরসিংদী।
০২. উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, নরসিংদী।
০৩. নোটিশ বোর্ড, অত্র দপ্তর।
০৪. অফিস কপি।

(ডা: জুনায়েদ ইবনে হামিদ নাদিম)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
বেলাবো, নরসিংদী